সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/২০১ তারিখঃ ২৪/০৮/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের সময়সীমা প্রসঙ্গে।**

**সূত্রঃ** জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৩২, তারিখ: ২৩/০৮/২০২৩।

আপনারা অবগত আছেন যে, জালিয়াতির মাধ্যমে পণ্য খালাস প্রক্রিয়া বন্ধকরণের লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বন্ড সুবিধার আওতায় (IM-7) আমদানিকৃত পণ্য খালাসের নিমিত্তে আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টের তালিকা সংযুক্তকরণের কার্যক্রম ০৩.০৮.২০২২ইং হতে শুরু হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত নথির মাধ্যমে আগামী ১৫.০৯.২০২৩ইং তারিখের মধ্যে আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

উল্লেখিত সময়সীমার পর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে নতুন বন্ড লাইসেন্স ব্যতীত অন্য কোন IM-7 সংশ্লিষ্ট আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট সংযুক্তকরণের কার্যক্রম চূড়ান্তভাবে বন্ধ করে দেয়া হবে। তবে প্রয়োজনে সিএন্ডএফ এজেন্ট পরিবর্তন করতে পারবেন।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত নির্দেশনার কপি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো এবং নির্ধারিত সময়ের মধ্যে কার্যটি সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

২৪/৮/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

**[কাস্টমসঃ অটোমেশন শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৩২ তারিখ: ২৩.০৮.২০২৩ খ্রি.

**বিষয়: আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের সময়সীমা।**

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০/৫০৩, তারিখ: ২০.১১.২০২২ খ্রি.;
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/৫২৪, তারিখ: ১৫.০১.২০২৩ খ্রি.;
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৫৩৯, তারিখ: ৩০.০১.২০২৩ খ্রি.;
৪। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৫৬৯, তারিখ: ০৩.০৪.২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এন্ট্রি ঘোষণা প্রদানকারী সিএন্ডএফ এজেন্টের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং, কোন ক্ষেত্রে অনিয়ম সংঘটিত হলে দায়ী ব্যক্তিদের সহজে চিহ্নিতকরণ এবং রাজস্ব ফাঁকি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রত্যেক আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট সুনির্দিষ্টকরণের কার্যক্রম বিগত ০৩.০৮.২০২২ খ্রি. তারিখ হতে শুরু হয়েছে। এর ফলে জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করা সম্ভব হচ্ছে এবং সর্বোপরি শুল্কায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে।

০২। উল্লেখ্য যে,আমদানিকারকের বিপরীতে সিএন্ডএফ এজেন্ট সুনির্দিষ্টকরণের কার্যক্রমের সময়সীমা বিগত ২০.০৪.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলেও ট্রেড ফ্যাসিলিটেশনের স্বার্থে উক্ত সময়ের পরেও কাস্টমস বন্ড কমিশনারেট কর্তৃক প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সিএন্ডএফ এজেন্ট সুনির্দিষ্টকরণের কার্যক্রম চলমান রাখা হয়েছিল। এমতাবস্থায়, সিএন্ডএফ এজেন্টের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং, কোন ক্ষেত্রে অনিয়ম সংঘটিত হলে দায়ী ব্যক্তিদের সহজে চিহ্নিতকরণ এবং রাজস্ব ফাঁকি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে IM-7 অর্থাৎ বন্ডেড ওয়্যারহাউস সুবিধায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের বিষয়টির সময়সীমা আগামী **১৫.০৯.২০২৩ খ্রি.** তারিখ পর্যন্ত নির্ধারণ করা যেতে পারে। অর্থাৎ **১৫.০৯.২০২৩ খ্রি. তারিখের পর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে নতুন বন্ড লাইসেন্স ব্যতীত অন্য কোন IM-7 সংশ্লিষ্ট আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট সংযুক্তকরণের কার্যক্রম চূড়ান্তভাবে বন্ধ করে দেয়া হবে**। তবে পূর্বে যেসব প্রতিষ্ঠানের বিপরীতে সিএন্ডএফ সংযুক্ত করা হয়েছে, তারা চাইলে পরবর্তীতে সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেটে আবেদনপূর্বক সিএন্ডএফ এজেন্ট পরিবর্তন করতে পারবেন। এছাড়াও

বন্ড লাইসেন্সপ্রাপ্ত রপ্তানিকারকগণ সিএন্ডএফ এজেন্ট সুনির্দিষ্টকরণের আবেদন প্রেরণ করতে পারবেন। **উল্লেখ্য যে, উক্ত সময়ের পর সংযুক্তি নেই এমন সিএন্ডএফ এজেন্টগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে IM-7 সংশ্লিষ্ট কোন ধরনের কার্যক্রম গ্রহণ করতে পারবেন না।**

০৩। এমতাবস্থায়, IM-7 এর অধীনে খালাস করা হয় এমন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের মনোনীত সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তকরণের বিষয়টি নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩.০৮.২০২৩
**[রাকিবুল হাসান]**
প্রথম সচিব (কাস্টমস: অটোমেশন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল-ss.asycuda@gmail.com

**প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

| | |
|---|---|
| ১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও;<br>০৭-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/সিলেট/কুমিল্লা/ঢাকা (পশ্চিম)/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/চট্টগ্রাম;<br>১৬-১৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম/ ঢাকা (উত্তর)। | সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের অবহিত করার অনুরোধসহ। |

**অনুলিপি:**

১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড;

২। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);

৩। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।